

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ২২৭-আইন/২০১৭/ ৭৭৭-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (ACT No. IV of 1969) এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত Heading এবং H.S Code এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল

Heading No.	H.S. Code	Description
(১)	(২)	(৩)
15.07 15.18	সংশ্লিষ্ট H.S. Code	পরিশোধিত সয়াবিন তেল
15.11 15.18	সংশ্লিষ্ট H.S. Code	পরিশোধিত পাম অয়েল
15.17	1517.90.00	Blended Vegetable Oil

ব্যাখ্যাঃ এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে ব্যবসায়ী পর্যায় বলিতে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২ এর দফা (খথথথ) এ সংজ্ঞায়িত “ব্যবসায়ী” এর কার্যক্রমকে বুঝাইবে।

শর্তাবলী:

(১) প্রত্যেক উৎপাদনকারী প্রতি কর মেয়াদে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৫ মোতাবেক দাখিলপত্র পেশকালে প্রযোজ্য ক্ষেত্রে নিম্নবর্ণিত ছকে তথ্যাদি পূরণপূর্বক সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন, যথা:-

ছক

ক্রমিক নং	ইন বন্ড বি/ই নং ও তারিখ	ইন বন্ডকৃত পণ্যের পরিমাণ	ক্রমিক নং	আউট বন্ড বি/ই নং ও তারিখ	আউট বন্ডকৃত পণ্যের পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

(২) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে সংশ্লিষ্ট উৎপাদনকারীগণ অনুচ্ছেদ-১ এ উল্লিখিত তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিলসহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২, ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণ এবং কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিবেন। অন্যথায় তিনি এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

(৩) উপরি-উক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি সুবিধা আগামী ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব